ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

NOV 29 2002

# ধর্মকেন্দ্রিক পাঠ্যপুস্তক পরিবর্তনে রাজি কুয়েত সরকার

দীর্ঘদিনের বিতর্ক শেষে কুয়েত সরকার দেশটির ইসলাম ধর্মনির্ভর স্কুল পাঠ্যসূচি পরিবর্তন করতে রাজি হয়েছে। কুয়েতের ডেপুটি প্রধানমন্ত্রী শেখ সাবাহ আল আহমেদ আল সাবাহ এক পত্রিকায় সাক্ষাৎকারে গত বুধবার এই তথ্য জানান। এপি।

কুয়েতের আল রাই আল আম পত্রিকায় গত বুধবার প্রকাশিত এই সাক্ষাৎকারে শেখ সাবাহ জানান, 'মন্ত্রিসভা স্কুল পাঠ্যসূচিকে উন্নত এবং আধুনিকায়ন করার জন্য শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছে।'

তবে তিনি জানাননি এই আধুনিকায়ন ধর্মকেন্দ্রিক শিক্ষা কার্যক্রমে কিরূপ প্রভাব ফেলতে পারে। শিক্ষা ক্ষেত্রে এই পরিবর্তনে তিনি যুক্তরাষ্ট্রের কোনো চাপের কথা অস্বীকার করেন।

প্রসঙ্গত, শেখ সাবাহ কুয়েতের পররাষ্ট্রমন্ত্রীর দায়িত্বও পালন করছেন।

কুয়েতের পশ্চিমা উদারনৈতিক বুদ্ধিজীবীরা দীর্ঘদিন ধরে এ মর্মে অভিযোগ করে আসছেন, স্কুলে ইসলাম ধর্মঘেঁষা পাঠ্যপুস্তকই কুয়েতে ধর্মীয় গোড়ামি সৃষ্টির জন্য দায়ী। তারা আরো অভিযোগ করে আসছেন, রাষ্ট্র নিয়ন্ত্রিত মাদ্রাসার শিক্ষকরা বিভিন্ন মৌলবাদী সংগঠনের সদস্য। তবে দেশের মুসলিম মৌলবাদীরা সহিংসতা বৃদ্ধির পেছনে ধর্মীয় শিক্ষায় দায় অস্বীকার করেছেন। তারা বলেছেন, ওয়াশিংটনের মধ্যপ্রাচ্য নীতিই সে দেশে মার্কিনবিরোধী সেন্টিমেন্টের মূল কারণ।